# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ ইবাদতে মধ্যমপন্থা অবলম্বন করার নির্দেশ, এবং নিজের উপর এমন কিছু চাপিয়ে নিবে যা সে পালন করতে পারবে না

ذِكْرُ الْأَمْرِ بِالْقَصْدِ فِي الطَّاعَاتِ دُونَ أَنْ يَحْمِلَ عَلَى النَّفْسِ مَا لَا تُطِيقُ

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى الْمَوْصِلِيُّ حَدَّثَنَا أَبُو الرَّبِيعِ الزَّهْرَانِيُّ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ عَبْدِ اللَّهِ الْقُمِّيُّ حَدَّثَنَا عِيسَى بْنُ جَارِيَةَ عَنْ جَابِرٍ قَالَ: مَرَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى رَجُلٍ قَائِمٍ يُصَلِّي عَلَى صَخْرَةٍ فَأَتَى نَاحِيَةَ مَكَّةَ فَمَكَثَ مَلِيًّا ثُمَّ أَقْبَلَ فَوَجَدَ الرَّجُلَ عَلَى حَالِهِ يُصَلِّي فَجَمَعَ يَدَيْهِ ثُمَّ قَالَ: (أَيُّهَا النَّاسُ عَلَيْكُمْ بِالْقَصْدِ عَلَيْكُمْ بِالْقَصْدِ فإن الله لا يمل حتى تملوا.)

الراوي : جَابِرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 357 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৫৮. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তির পাশ দিয়ে অতিক্রম করছিলেন, যিনি একটি পাথরের উপর দাঁড়িয়ে সালাত আদায় করছিলেন। এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কার এক প্রান্তে চলে যান এবং সেখানে কিছুক্ষন অবস্থান করেন। তারপর আবার সেখানে ফিরে আসেন এবং সেই ব্যক্তিকে ঐ অবস্থায় সালাত করতে দেখেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর দুই হাত একত্রিত করেন তারপর বলেন: “হে লোকসকল, তোমাদের জন্য আবশ্যক হলো মধ্যমপন্থা অবলম্বন করা। তোমাদের জন্য আবশ্যক হলো মধ্যমপন্থা অবলম্বন করা। নিশ্চয়ই আল্লাহ প্রতিদান দেওয়া থেকে ক্ষ্যান্ত হন না যতক্ষণ না তোমরা ইবাদত পালন করতে করতে বিরক্ত হয়ে যাও।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৪২৪১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ য‘ঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৭৬০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88657

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন